# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৩৫৫ তারিখঃ ০১/০৬/২০২২ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে দাখিল ৯ম শ্রেণির (দাখিল পরীক্ষা-২০২৪) রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসা ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত ফাযিল ও কামিল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সকল গ্রুপের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলি নিম্নে দেয়া হলো। **২০২২-২০২৩ শিক্ষাবর্ষে দাখিল ৯ম শ্রেণির রেজিস্ট্রেশন (অনলাইনে) e-SIF পদ্ধতিতে সম্পন্ন করা হবে।**

**টটলিস্ট প্রস্তুত ও সংরক্ষণ (সংযুক্ত নতুন নমুনা ছক অনুযায়ী)ঃ**

**অনলাইন রেজিস্ট্রেশনে সকল তথ্য ইংরেজিতে পূরণ বাধ্যতামূলক,** সুতরাং শিক্ষার্থীদের টটলিস্ট প্রস্তুতের সময় অবশ্যই ছাত্র-ছাত্রীদের জেডিসি/জেএসসির তথ্য অনুযায়ী টটলিস্ট প্রস্তুত করতে হবে এবং সে অনুযায়ী অনলাইনে তথ্য এন্ট্রি দেয়ার সময় শিক্ষার্থীর জেডিসি/জেএসসি পাশের সন, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষা বোর্ড সঠিক ভাবে সিলেক্ট করতে হবে। অন্যথায় ভুল শিক্ষার্থীর তথ্য এন্ট্রি হয়ে থাকলে তার দায়-দায়িত্ব মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে। সুতরাং ভবিষ্যতে এ ধরণের জটিলতা এড়ানোর লক্ষ্যে একটি টটলিস্ট প্রস্তুত করে নির্ভুলভাবে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।

**রেজিস্ট্রেশন ফি জমাদান সংক্রান্ত নিয়মাবলীঃ**

০১. ফি জমাদান ও e-SIF Submission এর তারিখ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি ব্যতীত ফি জমা দেয়ার তারিখ | ০৬/০৬/২০২২ থেকে ১৩/০৭/২০২২ পর্যন্ত |
| খ) | বিলম্ব ফি সহ ফি জমা দেয়ার তারিখ | ১৪/০৭/২০২২ থেকে ৩১/০৭/২০২২ পর্যন্ত |
| গ) | পূরণকৃত **e-SIF Final Submission** এর তারিখ | ০১/০৮/২০২২ থেকে ০৪/০৮/২০২২ পর্যন্ত |
| ঘ) | ০৩ নং নির্দেশনার আলোকে প্রস্তুতকৃত কাগজ পত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ | ১৪/০৯/২০২২ |
| ঙ) | ফি জমা দেয়ার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের **e-SIF** পূরণ/এন্টি করা যাবে | |
| চ) | বিভাগ ও বিষয় পরিবর্তনের আবেদন করার শেষ সময় | ৩০/১১/২০২২ |

০২. **e-SIF (Electronic student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলীঃ**

e-SIF তথ্য এন্ট্রি করে **প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে।** এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল তালিকা হাতে পাওয়ার পর **মাদ্রাসা প্রধান Confirm Password ব্যবহার করবেন।** চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদ্রাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি বোর্ডে/অঞ্চলে উল্লেখিত তারিখে জমা দিতে হবে। অন্য কপি মাদ্রাসা প্রধান সংরক্ষণ করবেন। **e-SIF এর ফটোকপি গ্রহনযোগ্য নয়।**

০৩. মাদ্রাসা প্রধানগণ ফি প্রদানের প্রমানক, টটলিস্ট, e-SIF কপি ও স্ব স্ব মাদ্রাসার প্যাডে আবেদন সহ ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে উল্লেখিত তারিখের মধ্যে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদ্রাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে যথাসময়ে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয় জমা রাখবেন।

০৪. **বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ৪৫২ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ৯ম শ্রেণিতে ভর্তির জন্য জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।**

০৫. e-SIF (Electronic student Information Form) Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিভাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তন জনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের সম্মতিক্রমে **প্রতিষ্ঠান (মাদ্রাসা থেকে মাদ্রাসা) পরিবর্তনের (টি.সি) আবেদন ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত করা যাবে।**

০৬. **শিক্ষার্থীদের বয়স ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন শিক্ষার্থী দাখিল নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না।**

০৭. দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের জন্ম তারিখ জেডিসি/জেএসসি পরীক্ষায় প্রদত্ত জন্ম তারিখ অনুযায়ী হবে।

০৮. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একই সাথে ফি প্রদান করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

০৯. বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না।

১০. দাখিল ৯ম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র এবং হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি টটলিস্টের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

অপর পাতায় দ্রষ্টব্য

১১. রেজিষ্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিষ্ট্রেশন ফি | ১০০.০০ টাকা |
| খ | ক্রীড়া ফি | ৫০.০০ টাকা |
| গ | বয়স্কাউট/ গার্লস গাইড ফি | ১৫.০০ টাকা |
| ঘ | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি | ৫.০০ টাকা |
| ঙ | অন্ধকল্যাণ তহবিল ফি | ০৫.০০ টাকা |
| চ | রেড ক্রিসেন্ট ফি | ১৬.০০ টাকা |
| ছ | **বিলম্ব ফি ব্যাতিত মোট ফি** | **১৯১.০০ টাকা** |
| জ | বিলম্ব ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ঝ | **বিলম্ব ফি সহ মোট ফি** | **২৪১.০০ টাকা** |
| ঞ | মাদ্রাসা প্রতি ফি | ১০০.০০ টাকা |

*বিঃদ্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে ৯ম ও ১০ম শ্রেণিতে আদায়কৃত মোট রেডক্রিসেন্ট ফি (২০+২০)=৪০ (চল্লিশ) টাকার ৬০% অর্থাৎ ২৪/- (চব্বিশ) টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অর্থাৎ ১৬/- (ষোল) টাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৯ম শ্রেণিতে ভর্তির সময় প্রতি শিক্ষাবর্ষে ২০/- (বিশ) টাকা হারে রেড ক্রিসেন্ট ফি সংগ্রহ করবে এবং ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশনের সময় একত্রিত ও সমন্বয় করে নিজস্ব একাউন্টে সংরক্ষণ ও মাদ্রাসা বোর্ড বোর্ডকে প্রদান করবে।*

১২. বাংলাদেশ স্কাউটস,ঢাকা অঞ্চলের ১৬-০৩-২০১০ তারিখের স্মারক নং- বাঃ স্কাঃ ঢাঃ অঃ/৭৬৪৮(৬)/১০ এর প্রেক্ষিতে (বিশ্ব স্কাউট সংস্থার) মেম্বারশীপ ফি মাদ্রাসা প্রতি ২৩০.০০ (দুইশত ত্রিশ) টাকা সংস্থার সংশ্লিষ্ট আঞ্চলিকে জমা দিতে হবে।

**১৩. যে কোন ধরনের জটিলতা/সমস্যা সৃষ্টি হলে প্রথমতঃ কেন্দ্রীয় মাদ্রাসা প্রধানের সাথে এবং পরবর্তীতে আবেদন পত্রসহ বোর্ডের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করে সমাধান করে নিতে হবে।**

১৪. যে সকল মাদ্রাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদ্রাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না।

**Help Line no- 01776-771224, 01751-877677, 01797-767754** (সকাল ৯:০০টা হতে বিকাল ৫:০০টা)

বিঃ দ্রঃ-

**১) স্বাস্থ্যবিধি মেনে রেজিস্ট্রেশনের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

**২) বিজ্ঞপ্তিতে উল্লেখিত রেজিষ্ট্রেশনের নির্ধারিত সময়সীমার পর এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবেনা।**

**৩) অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ করা হবে।**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০১.০৬.২০২২

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা।

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৩৫৫

তারিখঃ ০১/০৬/২০২২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৪. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জনাব, মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
(নির্ধারিত সময়ের মধ্যে মাদ্রাসা প্রধানগন কর্তৃক প্রস্তুতকৃত টটলিস্ট, e-SIF এর প্রিন্ট আউটের (মূল) কপি, ফি প্রদানের প্রমানক, পাঠদানের অনুমতি/স্বীকৃতি পত্র/স্বীকৃতি নবায়ন পত্রের সত্যায়িত ফটোকপি ও মাদ্রাসা প্যাডের আবেদন পত্র সহ ০৩ (তিন) সেট গ্রহন পূর্বক ০১ (এক) সেট রিসিভ করে ফেরত দেবেন ও ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন এবং টটলিস্টের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে ১৫ (পঁনের) দিনের মধ্যে ০১ (এক) সেট বোর্ডের রেজিষ্ট্রেশন শাখায় জমা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।
৮. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. পি.এ.টু পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।

01.06.22

(তৈয়ব হোসেন সরকার)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩

“নমূনা ছক”

# BANGLADESH MADRASAH EDUCATION BOARD, DHAKA

## TOT LIST FOR DAKHIL REGISTRATION- 2022-2023, EXAMINATION- 2024

ZILLA CODE :
UPAZILLA/THANA CODE :
CENTRE CODE :
POST OFFICE CODE :
MADRASAH CODE :
EIIN NO :

ZILLA NAME :
UPAZILLA/TAHANA NAME :
CENTRE NAME :
POST OFFICE NAME :
MADRASAH NAME :
GROUP :

| SL | STUDENT'S NAME | FATHER'S NAME | MOTHER'S NAME | DATE OF BIRTH | Previous Passing Information JDC/JSC | | | | | OPTIONAL SUBJECT | REG. FEE | LATE FEE | TOTAL FEE | STUDENT'S SIGNATURE |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Board | ROLL NO | PASSING YEAR | REG. NO | SESSION | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

| TOTAL STUDENT : | | GARND TOTAL FEE : | | TT NO : | |
|---|---|---|---|---|---|
| | | | | DATE : | |
| | | | | SONALI BANK BRANCH NAME: | |

| |
|---|
| বোর্ড কর্তৃক মাদরাসার স্বীকৃতি/অনুমতি পত্রের স্মারক নম্বর ও তারিখ ঃ...................................................... অনুমতি/স্বীকৃতির মেয়াদ ঃ ..................................... |
| গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ........................................... |

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উল্লিখিত শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও বিষয় কোড ইত্যাদি সঠিকভাবে লেখা হয়েছে।

**অফিস সহকারী**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
আঞ্চলিক কার্যালয়,................

**সহকারী পরিদর্শক**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
আঞ্চলিক কার্যালয়,................

অধ্যক্ষ/সুপারের স্বাক্ষর ও নামের সীল
তারিখ ঃ..............................